

বৈষম্যবিরোধী প্যানেলের ৮ দফা ইশতেহার

ঢাবি প্রতিবেদক

৩১ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের মত্ত



ঢাকা বিশ্ববিদ্যালয়কে একটি গবেষণাভিত্তিক বিশ্ববিদ্যালয়ে পরিণতসহ আট দফা প্রতিশ্রূতি দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে ইশতেহার ঘোষণা করেছে 'বৈষম্যবিরোধী শিক্ষার্থী সংসদ'। এতে আবাসিক হলে গোষ্টরুম-গণরুম সংস্কৃতি চিরতরে মুছে ফেলা, গবেষণাভিত্তিক বিশ্ববিদ্যালয়ে পরিণত করা এবং ক্যাম্পাসে রাজনৈতিক স্বাধীনতাকে প্রথম অগ্রাধিকার দেওয়ার অঙ্গীকার করেছে তারা। এ ছাড়া নারীদের জন্য বিশেষ সাইবার নিরাপত্তা সেল গঠন ও আইনি সহায়তা প্রদান, ওয়ান কার্ড অল সার্ভিসের মাধ্যমে পাঠাগার সুবিধা, স্বাস্থ্য ও পরিবহনসেবা প্রদান এবং বিশ্ববিদ্যালয়ের বেদখল হওয়া ৩০০ একর জমি ফিরিয়ে আনাসহ বেশ কিছু বিষয় ইশতেহারে তুলে ধরা হয়।

গতকাল শনিবার বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এ ইশতেহার ঘোষণা করে বৈষম্যবিরোধী শিক্ষার্থী সংসদ। প্যানেলের সহসভাপতি (ভিপি) প্রার্থী আবত্তল কাদের বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়কে কেউ বানিয়েছে ক্যান্টনমেন্ট, কেউ

কনসেন্ট্রেশন ক্যাম্প (নিপীড়নের বন্দিশালা)। আমরা শিক্ষার্থীদের গণতান্ত্রিক অধিকার নিশ্চিত করতে চাই। এমন ডাকসু চাই- যারা ক্ষমতাসীনদের চোখে চোখ রেখে কথা বলতে দ্বিধা করবে না। যারা শিক্ষার্থীদের স্বাধীনতা, মর্যাদা ও অধিকার সমুন্নত রাখবে এবং বিশ্ববিদ্যালয় ও রাষ্ট্রীয় বৈষম্য ও স্বৈরতন্ত্রকে বরদাশত করবে না।

‘রাজনৈতিক’ শিরোনামে ইশতেহারের বিভিন্ন দফায় বিশ্ববিদ্যালয়ে একাডেমিক ক্যালেন্ডারে নিয়মিত ডাকসু নির্বাচন নিশ্চিত করা; ক্যাম্পাসে জাতীয় রাজনীতির মহড়া, অন্তর্বর্ষ ঘনবনানি এবং ক্যাডারভিত্তিক রাজনীতির অবসান ঘটিয়ে জীবন, কর্ম, জ্ঞান, দক্ষতা ও সেবাভিত্তিক নাগরিক তৈরি; গণতান্ত্রিক সংস্কার; বিশ্ববিদ্যালয়ের ‘প্রশাসনিক স্বৈরতন্ত্র’ অবসানের লক্ষ্যে উপাচার্য, সহ-উপাচার্য, হল প্রাধ্যক্ষসহ প্রশাসনিক পদগুলোতে নিয়োগের স্বচ্ছ নীতিমালা প্রণয়ন; বিশ্ববিদ্যালয়ের জনপরিসর নারীবান্ধব করা এবং নারী শিক্ষার্থীদের সাইবার বুলিং থেকে রক্ষা করতে ‘বিশেষ সাইবার সিকিউরিটি সেল’ গঠন করার প্রতিশ্রুতি দেওয়া হচ্ছে।

লিফলেটে ভিন্নতা

ডাকসু ও হল সংসদ নির্বাচনে প্রার্থীদের প্রচারে এসেছে ভিন্নতা। প্রাচ্যের অক্সফোর্ডখ্যাত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আকৃষ্ট করতে টাকা, ডলার ও দেশের ভাস্কর্য-নির্দর্শনের আদলে লিফলেট তৈরি করে হাতে হাতে পৌঁছে দেওয়া হচ্ছে। আচরণবিধি অনুযায়ী, প্রার্থীরা যে কোনো হ্যান্ডবিল, পোস্টার ও লিফলেট বিলি করতে পারবেন। তবে ক্যাম্পাসের কোথাও এগুলো টাঙানো কিংবা সাঁটানো যাবে না। তাই লিফলেট থেকে যেন চোখ না ফেরে এবং সংরক্ষণ করে রাখে এ দিকটি লক্ষ্য রেখে এ ধরনের প্রচারপত্র বন্টন করছেন প্রার্থীরা। এ ছাড়া দেশের ইতিহাস ও ঐতিহ্যকে উপজীব্য করেও তৈরি হচ্ছে লিফলেট।

নির্বাচন কেন্দ্র করে ৪ দিন ক্লাস-পরীক্ষা বন্ধ ঘোষণা

আগামী ৭ থেকে ১০ সেপ্টেম্বর পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে সব ক্লাস ও পরীক্ষা বন্ধ থাকবে। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন উপলক্ষে এ সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাণ্ড) মুনসী শামস উদ্দিন আহমদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এর আগে গত সপ্তাহে বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছিল, নির্বাচনের আগের দিন (৮ সেপ্টেম্বর) ও নির্বাচনের দিন (৯ সেপ্টেম্বর) মেট্রোরেলের ঢাকা বিশ্ববিদ্যালয় স্টেশন বন্ধ থাকবে। নির্বাচনের দিন বৈধ শিক্ষার্থী, অনুমোদিত সাংবাদিক ও নির্বাচন পরিচালনার সঙ্গে যুক্তরা ছাড়া অন্য কেউ প্রবেশ করতে পারবেন না।